# বাংলাদেশ চা বোর্ড

প্রধান কার্যালয়
১৭১-১৭২ বায়েজিদ বোস্তামী রোড
নাসিরাবাদ, চট্টগ্রাম

স্মারক নং-বিটিবি/২৬.০৯.০০০০.১০১.১০.০০১.১২-৮০৭ তারিখ: ০৬ আগষ্ট ২০১৭ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ চা বোর্ড প্রধান কার্যালয় চট্টগ্রাম এবং বাংলাদেশ চা বোর্ডনিয়ন্ত্রণাধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট শ্রীমঙ্গল , মৌলভীবাজার এ নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য যোগ্য এবং প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের কাছ থেকে দরখাস্ত আহবান করা হচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | পরিসংখ্যান কর্মকর্তা<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০১ (এক)টি | পরিসংখ্যান,অর্থনীতি বা গণিতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। সম্মান এবং স্নাতকোত্তর উভয় ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণীর ডিগ্রী থাকতে হবে। কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত বা ব্যবসা প্রতিষ্ঠানে পরিকল্পনা উন্নয়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | গবেষণা কর্মকর্তা<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০১ (এক)টি | কৃষি অর্থনীতি/বন বিদ্যায় (ফরেষ্ট্রী) অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রী। সম্মান এবং স্নাতকোত্তর উভয় ক্ষেত্রে ২য় শ্রেণীর ডিগ্রী থাকতে হবে। কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত বা ব্যবসা প্রতিষ্ঠানে পরিকল্পনা উন্নয়ন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৩ | সহকারী পরিচালক (বাণিজ্য)<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০১ (এক)টি | ব্যবস্থাপনা বা বিপণনে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। সম্মান এবং স্নাতকোত্তর উভয় ক্ষেত্রে কমপক্ষে ২য় শ্রেণীর ডিগ্রি থাকতে হবে। সরকারি বা ব্যবসায়িক প্রতিষ্ঠানে রপ্তানি প্রশাসনে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ০৪ | বৈজ্ঞানিক কর্মকর্তা (উদ্ভিদ বিজ্ঞান)<br>বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০১ (এক)টি | সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর অনার্সসহ কমপক্ষে ২য় শ্রেণীর এম, এস-সি/ বি, এস-সি এজি/ বি, এস-সি, এজি (অনার্স)/ বি, এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। |
| ০৫ | বৈজ্ঞানিক কর্মকর্তা (মৃত্তিকা বিজ্ঞান)<br>বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০২ (দুই)টি | সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর অনার্সসহ কমপক্ষে ২য় শ্রেণীর এম, এস-সি/ বি, এস-সি এজি/ বি, এস-সি, এজি (অনার্স)/ বি, এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। |
| ০৬ | বৈজ্ঞানিক কর্মকর্তা (কৃষিতত্ত্ব)<br>বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০১ (এক)টি | সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণীর অনার্সসহ কমপক্ষে ২য় শ্রেণীর এম, এস-সি/ বি, এস-সি এজি/ বি, এস-সি, এজি (অনার্স)/ বি, এস-সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি থাকতে হবে। |
| ০৭ | সহকারী প্রকৌশলী (পূর্ত)<br>বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট, মৌলভীবাজার।<br>বেতন স্কেল: ২২,০০০-৫৩,০৬০ (গ্রেড:৯) | ০১ (এক)টি | বি,এস-সি ইঞ্জিনিয়ারিং (পুরাকৌশল) ডিগ্রী প্রাপ্ত। |
| ০৮ | কুক<br>বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম।<br>বেতন স্কেল: ৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯) | ০১ (এক)টি | এস,এস,সি পাশ/সংশ্লিষ্ট বিষয়ে সমমানের কারিগরী প্রশিক্ষণধারী। রন্ধন কার্যে পারদর্শিতাসহ সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |

**শর্তাবলীঃ**

০১। চাকরির আবেদন ফরম বাংলাদেশ চা বোর্ডের ওয়েবসাইট: teaboard.portal.gov.bd-এ পাওয়া যাবে। প্রার্থীদের চাকরির নির্ধারিত আবেদন ফরমের নির্দেশ অনুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত প্রদান করতে হবে। অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। আবেদনের সাথে সংযুক্ত কোন কিছুই ফেরৎযোগ্য নয়।

০২। চাকরির আবেদন ফরমের সাথে অবশ্যই ক) চাকরির প্রার্থীর সদ্য তোলা ৪ (চার) কপি ৫ ×৫ সে. মি. সাইজের রঙ্গিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত হতে হবে) ;এবং খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ১-৭নং ক্রমিকের পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৮ নং ক্রমিকের পদের জন্য ১০০/- (একশত) টাকামূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংক শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে।

০৩। নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে।

০৪। ১-৭ নং ক্রমিকে উল্লেখিত পদে সকল জেলা এবং ৮নং ক্রমিকে কুক পদেনরসিংদী, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, দিনাজপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, লালমনিরহাট, ঝিনাইদহ, নড়াইল, বরিশাল, ভোলা ও চট্টগ্রাম বিভাগের সকল জেলা ব্যতিত অন্য সকল জেলা আবেদন করতে পারবেন।

০৫। প্রার্থীদের বয়স ০৭/০৯/২০১৭তারিখে অনুর্ধ ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ গোষ্ঠী প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বোচ্চ বয়স সীমা প্রযোজ্য হবে।

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় আবেদনে উল্লিখিত সকল কাগজপত্রের মূল কপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদ এর চেয়ারম্যান /পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রার্থীর নিজ জেলা উল্লেখপূর্বক প্রদত্ত নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে।

০৭। বিদেশি বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রির ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অবশ্যই জমা দিতে হবে।

০৮। মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্রসংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬ , তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে।

০৯। চাকরির আবেদন সচিব , বাংলাদেশ চা বোর্ড , প্রধান কার্যালয় , ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী সড়ক , নাসিরাবাদ , চট্টগ্রাম-৪২১০, এই ঠিকানায় আগামী ০৭/০৯/২০১৭তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে। উক্ত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

১০। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যেই তাদের আবেদন পৌছাতে হবে। কোন অগ্রিম কপি গৃহীত হবে না।

১১। প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম খামের উপরে লিখতে হবে।

১২। এই বিজ্ঞপ্তি প্রকাশের কারণে লিখিত/মৌখিক পরীক্ষা গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নয়। এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। বাংলাদেশ চা বোর্ড নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী সংশোধন/ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

১৫। আবেদনকারীর নাম ও আবেদন পত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০ "×৪.৫" মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে।

১৬। যে কোন প্রকারের তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

স্বাঃ
চেয়ারম্যান
বাংলাদেশ চা বোর্ড
এর পক্ষে সচিব